


পাঠ ৬


## আয় দেখে যা নাচ

সুফিয়া কামাল




**শৈল্পিক অর্জনোপযোগী যোগ্যতা**

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- চিত্র অথবা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয়বস্তু বুঝতে পারা এবং আনন্দ লাভ করতে পারা।
- চিত্র/ছবি সংবলিত বা চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।


**পাঠের শিখনফল**

- ৪.১.১ ছড়া শুনে আনন্দের সাথে নিজেদের মতো করে বলতে পারব।
- ৪.১.৫ ছড়া বা কবিতা শুনে অন্ত্যমিল শনাক্ত করতে পারব।
- ৪.১.৭ ছড়া, কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারব।
- ৮.১.১ স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছড়া বলতে পারব।


**বানান সতর্কতা** নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

গাঙের	ছলছলায়	ইলিশ	মণি
-------	---------	------	-----


**ধারাবাহিক মূল্যায়ন**

পাঠ্যবই ও শিক্ষক  
সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/শৈল্পিক অর্জনোপযোগী মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

**পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর**

**চলো, পারি কি না দেখি**

নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৬

প্রশ্ন ক. ছড়াটি বলি।

উত্তর : শিক্ষকের সহায়তায় নিজেরা চেষ্টা কর।

প্রশ্ন খ. ছড়াটিতে কোন মাছের কথা বলা হয়েছে?

উত্তর : ছড়াটিতে ইলিশ মাছের কথা বলা হয়েছে।

প্রশ্ন গ. গাঙ মানে কী?

উত্তর : গাঙ মানে নদী।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ



## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

লেখা নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

প্রশ্ন ১. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।



আমাদের গ্রাম

— বন্দে আলী মিঞা

আমাদের ছোটো গাঁয়ে

ছোটো ছোটো ঘর,

থাকি সেথা সবে মিলে

নাহি কেহ পর।

পাড়ার সকল ছেলে

মোরা ভাই ভাই,

একসাথে খেলি আর

পাঠশালে যাই।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪০

প্রশ্ন ক. ছড়াটির নাম কী?

উত্তর : ছড়াটির নাম 'আমাদের গ্রাম'।

প্রশ্ন খ. ছড়াটি লিখেছেন কে?

উত্তর : ছড়াটি লিখেছেন বন্দে আলী মিঞা।

প্রশ্ন গ. আমাদের ছোটো গাঁয়ের ঘরগুলো কীরকম?

উত্তর : আমাদের ছোটো গাঁয়ের ঘরগুলো ছোটো ছোটো।

প্রশ্ন ২. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।

নাচ, ইলিশ, পানি, খোকন।

ক. গাঙের — ছলছলায়।

খ. — সোনা কলকলায়।

গ. আয় দেখে যা —।

ঘ. গাঙের — মাছ।

উত্তর :

ক. গাঙের পানি ছলছলায়।

খ. খোকন সোনা কলকলায়।

গ. আয় দেখে যা নাচ।

ঘ. গাঙের ইলিশ মাছ।


## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন



## নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	ছড়াটি বলতে পেরেছে।			
	ছড়াটি জানে।			
দক্ষতা	বিষয় সম্পর্কিত আলোচনায় অংশগ্রহণ করতে পেরেছে।			
	প্রশ্নের উত্তর বলতে পেরেছে।			
মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি	আনন্দের সাথে ছড়া আবৃত্তি করেছে।			
	আগ্রহের সাথে অংশগ্রহণ করতে পেরেছে।			

ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন  নিজেকে মূল্যায়ন করি

তারিখ : 

ধারাবাহিক মূল্যায়ন

সময় : শিক্ষার্থীর নাম :  শ্রেণি :  রোল নম্বর : 

১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

- ক. ছড়াটিতে কোন মাছের কথা বলা হয়েছে?  
খ. গাঙ মানে কী?

২। শূন্যস্থানে সঠিক শব্দ বসিয়ে তা খাতায় লেখ।

- নাচ, ইলিশ, পানি, খোকন।  
ক. গাঙের — ছলছলায়।  
খ. — সোনা কলকলায়।  
গ. আয় দেখে যা —।  
ঘ. গাঙের — মাছ।

## উত্তরমালা

১। ক. ছড়াটিতে ইলিশ মাছের কথা বলা হয়েছে।

খ. গাঙ মানে নদী।

২। ক. গাঙের পানি ছলছলায়।

খ. খোকন সোনা কলকলায়।

গ. আয় দেখে যা নাচ।

ঘ. গাঙের ইলিশ মাছ।

মূল্যায়ন রিপোর্ট ▶

প্রাপ্ত নম্বর শিখনের অর্জিত মাত্রা